গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
আইসিটি শাখা।
www.jhenaidah.gov.bd .

# জেলা আইসিটি কমিটির মার্চ ২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

সভাপতি : সরোজ কুমার নাথ
জেলা প্রশাসক
ঝিনাইদহ।

সভার তারিখ : 1৯-০৩-২০১৯ খ্রিঃ
সভার সময় : বেলা ১২.৩০ ঘটিকা।
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।

**উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"**

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্যপ্রযুক্তির ব্যাপক প্রসার ও ব্যবহারের উপর অধিকতর গুরুত্বারোপ করে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং আলোচ্যসূচি পেশ করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঝিনাইদহকে অনুরোধ করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার আলোকে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

**আলোচ্য সূচি:**

০১। **গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:** সভার শুরুতে ফেব্রুয়ারি ২০১৯ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কারো কোন বক্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত সদস্যগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

**সিদ্ধান্ত:** ফেব্রুয়ারি ২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কারো কোন আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নকারী:** উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী কমিশনার (আইসিটি), ঝিনাইদহ।

**০২।**(ক) **মাল্টিমিডিয়া ক্লাসরুম:** এ জেলায় সরকারি, বে-সরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসায় মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ক্লাস পরিচালিত হচ্ছে । মাল্টিমিডিয়া ক্লাসরুমের জানুয়ারি ২০১৯ ও ফেব্রুয়ারি ১৯ মাসের তথ্য নিম্নরূপ:

| ক্রমিক নং | উপজেলার নাম | মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা | | মাল্টিমিডিয়া ক্লাসরুম প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা | ফেব্রুয়ারি ১৯ মাসের মাল্টিমিডিয়া ক্লাসরুমের মাধ্যমে পাঠদান (মাসিক/শতকরা গড়) | জানুয়ারি ১৯ মাসের মাল্টিমিডিয়া ক্লাসরুমের মাধ্যমে পাঠদান (মাসিক/শতকরা গড়) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ঝিনাইদহ সদর | কলেজ | 12 | ১০ | ৩৭.৩ | ২৫.৬ |
| | | স্কুল | 7৬ | 6৯ | | |
| | | মাদরাসা | 27 | ১৯ | | |
| ০২ | কালীগঞ্জ | কলেজ | ১০ | ০৮ | ৩৬.৪ | ১৭.৮ |
| | | স্কুল | ৫০ | 4৩ | | |
| | | মাদরাসা | 25 | ২১ | | |
| ০৩ | কোটচাঁদপুর | কলেজ | ৮ | ০৩ | ৩৫.২ | ১৪.৪ |
| | | স্কুল | 25 | 2২ | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | মাদরাসা | 09 | 09 | | |
| ০৪ | মহেশপুর | কলেজ | ১০ | ১০ | ৪৬.৩ | ২৬.৫ |
| | | স্কুল | 46 | 4১ | | |
| | | মাদরাসা | 2৫ | 20 | | |
| ০৫ | শৈলকুপা | কলেজ | ১৪ | ১২ | ১২.৫ | ৯.৪ |
| | | স্কুল | 5৯ | ৪২ | | |
| | | মাদরাসা | 14 | ০৮ | | |
| ০৬ | হরিণাকুণ্ডু | কলেজ | ৬ | ০৭ | ৮.৩ | ৫.৪ |
| | | স্কুল | 4১ | ৪১ | | |
| | | মাদরাসা | 1২ | ১০ | | |
| | মোট | | ৪৬৯ | ৩৯১ | | |

উপর্যুক্ত চিত্রে দেখা যায় সকল উপজেলার আপলোডের হার গত মাসের তুলনায় বেড়েছে তবে ১০০% হয়নি। এ বিষয়ে জানতে চাওয়া হলে শিক্ষা অফিসার জানান, জানুয়ারি ২০১৯ মাসের তুলনায় ফেব্রুয়ারি মাসে আপলোডের হার বেড়েছে এবং ১৫ মার্চ পর্যন্ত আরো বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে মহেশপুর উপজেলা এগিয়ে আছে। এ ধারা অব্যাহত থাকবে তবে প্রাথমিক বিদ্যালয় যুক্ত হওয়ায় আপলোডের হার বাড়ানো সম্ভব হচ্ছেনা। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান, বিষয়টি নিয়ে এটুআইতে যোগাযোগ করা হয়েছে। দ্রুতই এ সমস্যার সমাধান হবে এবং ডাবল এন্ট্রিকৃত শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য দিলে তা সংশোধন করা হবে।

**সিদ্ধান্ত:** মার্চ ২০১৯ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুমের মাধ্যমে পাঠদান ১০০% এ উন্নীত করতে হবে। কোন সমস্যা দেখা দিলে সহকারী প্রোগ্রামারদের সাথে যোগাযোগ করা যেতে পারে। ডাবল এন্ট্রিকৃত শিক্ষা প্রতিষ্ঠানের নাম এক সপ্তাহের মধ্যে সংশোধন করতে হবে।

**বাস্তবায়নকারী:** জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ও সহকারী প্রোগ্রামার, ঝিনাইদহ।

-২-

**০৩। ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন:** জেলা প্রশাসক, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এবং উপজেলা নির্বাহী অফিসারগণ পৌর/ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন/দর্শন করছেন। ফেব্রুয়ারি ২০১৯ মাসের ইউনিয়ন ডিজিটাল সেন্টার দর্শন/পরিদর্শনের তথ্য নিম্নরূপ:

| ক্রমিক নং | দর্শন/পরিদর্শনকারী কর্মকর্তা | প্রমাপ | | অর্জন | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | পরিদর্শন | দর্শন | পরিদর্শন | দর্শন | |
| ০১ | জেলা প্রশাসক,ঝিনাইদহ | - | ০২ | ০০ | ০৩ | প্রমাপ অর্জিত হয়েছে |
| ০২ | উপপরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ | ০১ | ০২ | ০৮ | ০০ | প্রমাপ অর্জিত হয়েছে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৩ | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঝিনাইদহ | ০২ | ০১ | ০২ | ০১ | প্রমাপ অর্জিত হয়েছে |
| ০৪ | উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর | ০১ | ০২ | ০২ | ০৬ | প্রমাপ অর্জিত হয়েছে |
| ০৫ | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ | ০১ | ০২ | ০৪ | ০০ | প্রমাপ অর্জিত হয়েছে |
| ০৬ | উপজেলা নির্বাহী অফিসার,কোটচাঁদপুর | ০১ | ০২ | ০১ | ০২ | প্রমাপ অর্জিত হয়েছে |
| ০৭ | উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর | ০১ | ০২ | ০৪ | ০৪ | প্রমাপ অর্জিত হয়েছে |
| ০৮ | উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা | ০১ | ০২ | ০১ | ০২ | প্রমাপ অর্জিত হয়েছে |
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুণ্ডু | ০১ | ০২ | ০২ | ০৩ | প্রমাপ অর্জিত হয়েছে |

উপর্যুক্ত চিত্র হতে দেখা যায়, ফেব্রুয়ারি ২০১৯ মাসে সকলের প্রমাপ অর্জিত হয়েছে। প্রমাপ বা তার বেশী দর্শন ও পরিদর্শন করার জন্য সভাপতি উপস্থিত সকল সদস্যদের অনুরোধ জানান এবং মাসের তিন তারিখের মধ্যে পরিদর্শন প্রতিবেদন জেলা কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত:** প্রতি মাসে প্রমাপ অনুযায়ী বা তার বেশী ডিজিটাল সেন্টার দর্শন/পরিদর্শন করতে হবে এবং কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নকারী:** উপপরিচালক, স্থানীয় সরকার/অতিরিক্ত জেলা প্রশাসক (**শিক্ষা** ও আইসিটি)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল) উপজেলা, ঝিনাইদহ।

**০৪। ওয়েব পোর্টাল হালনাগাদকরণ:** ওয়েব পোর্টাল হালনাগাদ করণের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (**শিক্ষা** ও আইসিটি), ঝিনাইদহ সভায় বলেন, জেলা পর্যায়ে অধিকাংশ প্রতিষ্ঠানই তথ্য বাংলা ও ইরেজি ভাষাতে আপলোড করলেও তা পরিপূর্ণ না বা নিয়মিত তথ্য সংশোধন হচ্ছেনা। বিষয়টিতে নজর দেওয়ার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানান হয়।

**সিদ্ধান্ত:** সকল সরকারি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ বাংলা ও ইংরেজি উভয় ভাষাতে নিজ নিজ প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদের কার্যক্রম অব্যাহত রাখবেন। কোন কর্মকর্তা বা কর্মচারি বদলী হলে তাদের নাম সংযোজন বা বিয়োজন করবেন এবং মোবাইল নম্বর ও ই-মেইল সংযোজন করবেন।

**বাস্তবায়নকারী:** প্রতিষ্ঠান প্রধান/সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ।

**০৫। ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি:** ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনায় অতিরিক্ত জেলা প্রশাসক (**শিক্ষা** ও আইসিটি) উপস্থিত সকলকে জানান, এক্সেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম কর্তৃক বর্তমান সরকার ঘোষিত রূপকল্প-২০২১ বাস্তবায়ন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে নানাবিধ কার্যক্রম গৃহীত হয়েছে। এরই ধারাবাহিকতায় ই-ফাইলিং চালু করা হয়েছে। ফেব্রুয়ারি ২০১৯ মাসে উপজেলা নির্বাহী অফিসারদের কার্যালয়ের ই-ফাইলিং সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

| অফিসের নাম | ব্যবহার | ডাক | নথি |
|---|---|---|---|

| | কারী | ডাক গ্রহণ | নিষ্পন্ন | স্ব উদ্যোগে নোট | ডাক থেকে সৃজিত নোট | নিষ্পন্নকৃত নোট | মোট পত্রজারী |
|---|---|---|---|---|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝিনাইদহ সদর | ০৬ | ২৪৫ | ৩৪১ | ৬০ | ২৬০ | ২৮৫ | ৯৮ |
| উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ | ০৪ | ২৭৪ | ৩৫৬ | ১৪৯ | ৩১২ | ৩৭৯ | ৩৩৮ |
| উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,কোটচাঁদপুর | ০৪ | ২৬৩ | ২৯৯ | ১৪০ | ১৯৫ | ৩১২ | ৩০৪ |
| উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মহেশপুর | ০৩ | ২৩৭ | ২৩১ | ৮০ | ১০ | ০ | ৯৪ |
| উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,শৈলকুপা | ০৩ | ৪৭৮ | ৪১৯ | ১৩০ | ৪০৯ | ৪২০ | ২১১ |
| উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,হরিণাকুণ্ডু | ০২ | ২৩৮ | ৩১৯ | ২১১৩ | ২২৯ | ২২৩৮ | ২২০ |

উপর্যুক্ত তথ্য হতে দেখা যায়, ই-ফাইলিং কার্যক্রমে সকল উপজেলার অবস্থান ভাল তবে এ বিষয়ে আরো ভাল করতে হবে। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ও জেলা যুব উন্নয়ন অধিদপ্তর বরাবরই ০১ নম্বর অবস্থান ধরে রেখেছে। এ বিষয়ে সভাপতি মহোদয়ে তাদেরকে ধন্যবাদ জানান। ই-ফাইলিং কার্যক্রম আরো ভাল করার জন্য সভাপতি উন্নয়ন সমন্বয় কমিটির সভায় আগত সকল অফিসের প্রধানদের অনুরোধ করেন।

**সিদ্ধান্ত:** সারা দেশের মধ্যে ই-ফাইলিংএ বরাবরের মতো ১ নং অবস্থান ধরে রাখায় জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলা যুব উন্নয়ন অফিসার ও জেলা তথ্য অফিসারকে সভাপতি ধন্যবাদ জানান। সকল অফিসের অফিস প্রধানগণ ই-ফাইলিং কার্যক্রম আরো বৃদ্ধি করবেন। সকল পত্র ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তি করবেন।

**বাস্তবায়নকারী:** উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (আইসিটি)/ অন্যান্য অফিসের অফিস প্রধানগণ, ঝিনাইদহ।



**০৬। ডিজিটাল হাজিরা:** এ জেলায় ৪৬৯টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে এ পর্যন্ত ৩১৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল হাজিরা সিস্টেম চালু করা হয়েছে এবং অবশিষ্ট ১৫৪ টি স্কুলে ডিজিটাল হাজিরা চালুর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি জেলা শিক্ষা অফিসারকে নির্দেশনা প্রদান করেন এবং এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসারদের অনুরোধ জানান।

**সিদ্ধান্ত:** জরুরিভিত্তিতে সকল স্কুলে ডিজিটাল হাজিরা সিস্টেম চালু করতে হবে শিক্ষকদের যথাসময়ে স্কুলে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারী:** উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ জেলা/উপজেলা শিক্ষা অফিসার।

**০৭। শেখ রাসেল ডিজিটাল ল্যাব :** ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় ঝিনাইদহ জেলায় মোট ৫৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে "**শেখ রাসেল ডিজিটাল ল্যাব"** স্থাপন করা হয়েছে এর মধ্যে নতুন ল্যাবপ্রাপ্ত ২০টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবের আসবাবপত্র ও ল্যাব স্থাপনের ব্যয় বাবদ ৩০,০০০/-টাকা প্রদান করা হয়েছে এবং ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রদানের অপেক্ষায় আছে।

**সিদ্ধান্ত:** ল্যাবের কম্পিউটার সহ সকল যন্ত্রপাতি ব্যবহারে অধিক যত্নবান হতে হবে। শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামারগণ নিয়মিত ল্যাব পরিদর্শন করবেন এবং প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করবেন।

**বাস্তবায়নকারী:** উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)/ সহকারী প্রোগ্রামার (সকল)।

**০৮। বিবিধ আলোচনা:** নিয়মিত ল্যাব পরিদর্শন এবং স্কুলের প্রধান শিক্ষকদের নিয়ে প্রতিমাসে সভা করার জন্য সভাপতি অনুরোধ জানান। প্রতিমাসে উদ্যোক্তাদের নিয়ে সভা করে আয় বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে মহেশপুর উপজেলার স্বরুপপুর ও আজমপুর ইউনিয়নে ইউডিসিদের তথ্য আপলোডে সমস্যা হচ্ছে। সহকারী প্রোগ্রামারকে এ বিষয়টি দেখার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন.বাংলা ও .bd তে নিবন্ধন বাধ্যতামূলোক। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। এ সংক্রান্ত একটি ভিডিও প্রদর্শন করা হয় এবং সকল সরকারি প্রতিষ্ঠানকে পৃথক ওয়েব সাইট খোলার জন্য সভার মাধ্যমে অনুরোধ জানান হয়।

**সিদ্ধান্ত:** মার্চ ২০১৯ মাসের মধ্যে মাল্টিমিডিয়া ক্লাসের ছবিসহ তথ্য আপলোড ১০০% হতে হবে। নিয়মিত ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। প্রতিমাসের তিন তারিখের মধ্যে সভার কার্যবিবরণী ই-ফাইলিং এর মাধ্যমে এ কর্যালয়ে প্রেরণ করতে হবে এবং সকলপত্র ই-ফাইলিং মাধ্যমে নিষ্পত্তি করতে হবে। সকল সরকারি অফিসকে .বাংলা ও .bd তে পৃথক ওয়েব সাইট খুলতে হবে।

**বাস্তাবায়নে:** অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি/ উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ জেলা ও উপজেলা শিক্ষা অফিসার (সকল) ঝিনাইদহ।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


সরোজ কুমার নাথ
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা আইসিটি কমিটি
ঝিনাইদহ।
**ফোন-** ০৪৫১-৬২৩০১
E-mail: dcjhenaidah@mopa.gov.bd


চৈত্র, ১৪২৫

স্মারক নং- ০৫.৪৪.৪৪০০.০১৯.০২.০০১.১৮-
তারিখ:-------------------------।

মার্চ, ২০১৯

<u>**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**</u>

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঝিনাইদহ-১, ২, ৩ ও ৪ আসন ও উপদেষ্টা জেলা আইসিটি কমিটি, ঝিনাইদহ।

০২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

০৪। পুলিশ সুপার, ঝিনাইদহ।

০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ।

০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/**শিক্ষা** ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ।

০৭। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর/শৈলকুপা/ হরিণাকুন্ডু/কালীগঞ্জ/কোটচাঁদপুর/মহেশপুর, ঝিনাইদহ ।

০৮। অধ্যক্ষ, ................................................................, ঝিনাইদহ।

০৯। জেলা .................................................. কর্মকর্তা, ঝিনাইদহ।

১০। উপজেলা মাধ্যমিক **শিক্ষা** অফিসার.........................., ঝিনাইদহ।

১১। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ। কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১২। জনাব ..........................................................................................।

স্বা/-

সরোজ কুমার নাথ
জেলা প্রশাসক
ঝিনাইদহ।